আইনি পদক্ষেপ

সতর্ক করা সত্ত্বেও যদি অ-সামাজিক কার্যক্রম চলতে থাকে কিংবা আপনি যদি ঝুঁকির মধ্যে বাস করে থাকেন তাহলে আমরা আইনি পদক্ষেপ নেব।

এছাড়াও আমরা এ্যাকসেপ্টাবল বিহেভিয়ার কন্ট্রাক্ট (এবিসি স) ব্যবহার করি। এই চুক্তিগুলো হচ্ছে ভলান্টারি এবং যখন কেউ অ-সামাজিক কাজ আর করবে না বলে প্রতিজ্ঞা করে তখন এই চুক্তি ব্যবহৃত হয়। এগুলো আইনগতভাবে প্রয়োগ করা যায় না তবে প্রমাণ স্বরুপ কোর্টে উপস্থাপন করা যায়।

প্রতক্ষদর্শীর জন্য সহোযোগিতা

আমরা আপনাকে এবং অন্যকোন প্রতক্ষদর্শী থাকলে উভয়কে সহোযোগিতা করব।

প্রয়োজন হলে আমরা কোর্টেও প্রমাণ উপস্থাপন করব এবং প্রতক্ষদর্শীকে প্রয়োজনমত সাক্ষ্য দিতে সহোযোগিতা করব।

তারপরে কি হবে?

আমরা আপনার কাছে এন্টি সোশ্যাল বিহেভিয়ারের রিপোর্ট অনুমোদনের জন্য লিখব এবং অগ্রগতি সম্পর্কে জানাতে থাকব। পরবর্তীতে এরকম ঘটনা যাতে না ঘটে তার জন্য আমাদের করনীয় সবকিছুই করব।

এন্টিসোশ্যাল বিহেভিয়ার সম্পর্কে আপনারা কিভাবে আমাদেরকে জানাবেন

- আপনারা ০২০ ৮৭০৯ ৪৩০০ নম্বরে আমাদেরকে ফোন করুন অথবা ৪০৯-৪১৩ মাইল এন্ড রোড, লন্ডন ই৩ ৪পিবি-এর ঠিকানায় আমাদের অফিসে আসুন।

- আপনার স্থানীয় এন্টি-সোশ্যাল বিহেভিয়ার ইউনিটের সাথে যোগাযোগ করুন।

টাওয়ার হ্যামলেটস: ফ্রিফোন নম্বর ০৮০০ ৯১৭ ৫৯১৮ (২৪ ঘন্টা)
নিউহ্যাম: ০৮০০ ৭৩১ ৩৩০০ (২৪ ঘন্টা)
হ্যকনী: ০২০ ৮৩৫৬ ৩০৩০
(সোমবার থেকে শুক্রবার পর্যন্ত সকাল ৮টা থেকে সন্ধ্যা ৮টা পর্যন্ত এবং শনিবার সকাল ৯টা থেকে রাত ৯টা পর্যন্ত)

- **পুলিশ - আপনার জীবন হুমকির সম্মুখীন হলে বা তাৎক্ষনিক সাহায্যের জন্য ৯৯৯ নম্বরে ফোন করুন।**

- আপনাদের অন্য কোন পরামর্শ লাগলে দয়াকরে আমাদেরকে ০২০ ৮৭০৯ ৪৩০০ নম্বরে ফোন করুন।

অন্যান্ন তথ্য

টাওয়ার হ্যামলেটস্ মেডিয়েশন সার্ভিসকে ফোন করুন ০২০ ৭৭০২ ৮৩০৫ নম্বরে অথবা www.thms.org.uk ওয়েবসাইট ভিজিট করুন।

ভিকটিম সাপোর্ট। ন্যাশনাল হেলপলাইন ০৮৪৫ ৩০ ৩০ ৯০০ নম্বরে ফোন করুন অথবা www.victimsupport.org ওয়েবসাইট ভিজিট করুন। (টাওয়ার হ্যামলেটস্ অফিস - ০২০ ৮৯৮১ ৮৪২১ অথবা vsupport@talk21.com)।

এন্টিসোশ্যাল বিহেভিয়ার পলিসি ও প্রসিডিউরের কপির জন্য আমাদের কাস্টমার সার্ভিস টীমের সাথে যোগাযোগ করুন।

You can ask for this leaflet in large print, on audio tape or in another language. Please contact us on 020 8709 4300.

আপনি এই লিফলেটটি বড় ছাপায়, অডিও টেপে বা অন্য যে কোন ভাষায় পেতে পারেন। দয়া করে আমাদের সাথে যোগাযোগ করুন ০২০ ৮৭০৯ ৪৩০০ নম্বরে। [Bengali]

Waxaad dalban kartaa warqaddan oo ku daabacan farta waawayn, iyadoo ku duuban cod ama ku tarjuman luqadaha beesha. fadlan nagala soo xidhiidh telefoonka ah 020 8709 4300. [Somali]

Możesz poprosić o tę ulotkę drukowaną dużą czcionką, w postaci zapisu audio lub w innym z języków społeczności. Skontaktuj się z nami pod numerem telefonu 020 8709 4300. [Polish]

Quý vị có thể xin tờ rơi (tờ thông tin) này bằng khổ chữ lớn, băng ghi âm hoặc tiếng nói khác trong cộng đồng. Xin vui lòng liên lạc với chúng tôi, điện thoại số 020 8709 4300. [Vietnamese]

你可要求這份單張的大字印刷本、錄音或其他社區語言的版本，請致電 020 8709 4300 與我們聯絡。 [Chinese]

آپ یہ کتابچہ بڑے حروف، آڈیو یا کسی دوسری کمیونٹی زبان میں طلب کر سکتے ہیں۔ براہ مہربانی ہم سے فون نمبر 020 8709 4300 پر رابطہ کریں۔ [Urdu]

Awarded for excellence

INVESTOR IN PEOPLE

North River Alliance

Gateway Housing Association
409-413 Mile End Road, London, E3 4PB
Residents: 020 8709 4300
General enquiries: 020 8709 4409
Fax: 020 8709 4400
Email: enquiries@gatewayhousing.org.uk
www.gatewayhousing.org.uk

আমরা আপনাদেরকে যে সার্ভিসগুলো প্রদান করব এই লিফলেটের মাধ্যমে সেসম্পর্কে তথ্য প্রদান করা হল। টেন্যান্সি এগ্রিমেন্ট অনুযায়ী আপনার যে অধিকারগুলো আছে এই লিফলেট তাতে কোন পরিবর্তন আনবে না।
এই লিফলেটটি তৈরী করতে যে বাসিন্দারা সাহায্য করেছেন তাদেরকে অনেক অনেক ধন্যবাদ।

Published December 2009

অ-সামাজিক আচরণ (এন্টিসোশ্যাল বিহেভিয়ার)

Antisocial behaviour
– Bengali translation

gateway
housing association

আপনার দায়িত্ব

গেটওয়ের বাসিন্দা হিসাবে আপনার নিজের এবং আপনার সাথে বসোবাসকারী কিংবা আপনার সাথে দেখা করতে আসে এমন শিশু ও বয়স্ক লোকদের আচরণের জন্য আপনি দায়ী।

আপনার টেন্যান্সি এগ্রিমেন্টে বলা আছে যে আপনি **'কখনোই এমন আচরণ করতে পারবেন না যা অন্যদের প্রতি হয়রানি, ভয় কিংবা সংকট সৃষ্টি করে, করতে পারে কিংবা করতে সমর্থ'**।

আমরা টেন্যান্সি অথবা লীজহোল্ড এগ্রিমেন্টের শর্ত ভঙ্গকারীর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করব। টেন্যান্সি বা লীজহোল্ড এগ্রিমেন্টের কপির জন্য আমাদের কাস্টমার সার্ভিস টিমের সাথে ০২০ ৮৭০৯ ৪৩০০ নম্বরে যোগাযোগ করুন।

অ-সামাজিক আচরণ বন্ধ করার জন্য আমরা অনেক ধরনের পদক্ষেপ নিতে পারি। এর মধ্যে রয়েছে আইনি পদক্ষেপ, সহায়তার ব্যবস্থা করা, মধ্যস্ততা, পুলিশের ও অন্যান্ন এজেন্সির সাথে কাজ করা এবং গ্রহণযোগ্য আচরণ চুক্তি (এ্যাকসেপ্টাবল বিহেভিয়ার কন্ট্রাক্ট) ব্যবহার করা।

বাসিন্দা না হয়ে নিজেদের বাড়িতে বসে কেউ অসামাজিক কাজ করলেও আমরা তাদের বিরুদ্ধে মামলা করতে পারি।

অ-সামাজিক আচরণ বন্ধ করার জন্য আমরা প্রতিজ্ঞাবদ্ধ।

আমরা যা করব:

- অভিযোগগুলোকে তদন্ত করব এবং সেগুলোকে গুরুত্বের সাথে দেখব;
- অভিযোগ পাওয়ার ১ কার্যদিবসের মধ্যে পদক্ষেপ নেব;
- নিম্নলিখিত সময়ের মধ্যে আপনার সাথে দেখা করব;
  - জরুরীক্ষেত্রে ১ কার্যদিবসের মধ্যে (যেমন শারীরিক নির্যাতন); অথবা
  - জরুরী নয় এমন ক্ষেত্রে ৫ কার্যদিবসের মধ্যে
- আপনার সাক্ষাৎকার গ্রহণের ৫ কার্যদিবসের মধ্যে অপরাধীর সাক্ষাৎকার গ্রহণ করব
- যারা একটির পর একটি অসামাজিক কাজ করেই চলেছে তাদের বিরুদ্ধে সঠিক আইনি বা অন্য পদক্ষেপ নেব;
- সময়সীমা সম্পর্কে আপনার সাথে আলোচনা করব এবং কিভাবে পরিস্থিতি মোকাবিলা করা যায় সেব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করব;
- আমাদের গৃহীত পদক্ষেপ সম্পর্কে বিস্তারিত লিখে রাখব এবং আপনার ও অপরাধীর নিকট যথাযথ তথ্য পাঠাব;
- কমপক্ষে ৩ মাস পর্যন্ত মাসে একবার আপনার কেস পর্যালোচনা করব;
- কেস শেষ হলে আপনাকে তা লিখে জানাব এবং গেটওয়ে যে ভূমিকা পালন করেছে তাতে আপনি সন্তুষ্ট কিনা তা জানতে চাইব।

এছাড়াও আমরা আরো যা করব:

- প্রতিবেশীদের মধ্যে ঝগড়া বিবাদ মেটানোর চেস্টা করব;
- এন্টি-সোশ্যাল বিহেভিয়ার প্রতিরোধে আমরা পুলিশ এবং অন্যান্য এজেন্সির সাথে কাজ করব;
- ভুক্তভোগী ও প্রতক্ষদর্শীদের প্রয়োজনীয় সহোযোগিতা করব;
- নিরাপদ কমিউনিটি গড়ার লক্ষ্যে বাসিন্দাদের সাথে কাজ করব;
- আমাদের এন্টি-সোশ্যাল বিহেভিয়ারের নিয়ম কানুন অনুযায়ী নির্দিস্ট সময়ের মধ্যে অভিযোগগুলো খতিয়ে দেখব;
- বাসিন্দাদের জন্য এন্টি-সোশ্যাল বিহেভিয়ার সংক্রান্ত শিক্ষনীয় প্রকল্পে সহায়তা করব;
- অভিযোগের অগ্রগতি সম্পর্কে আপনাকে জানাব।

আপনি যে পদক্ষেপগুলো নিতে পারেন

যে ব্যক্তি সমস্যা সৃষ্টি করছে তার সাথে কথা বলতে পারেন। অনেক সময় মানুষ বুঝতে পারে না যে তার আচরণ অন্যকে ব্যাথিত করছে। তাই আপনি তার কাছে খুলে বলুন যে তার আচরণ আপনার খারাপ লাগে।

- শান্ত থাকুন;
- আপনি কি বলতে চান তা আগে থেকেই চিন্তা করুন;
- তাদের ব্যবহার আপনাকে কেন কষ্ট দিচ্ছে তা খুলে বলুন;
- তাদের মতামত শুনুন - তাদের কোন যথার্থ যুক্তি থাকতে পারে;
- আপনার ধৈর্য হারাবেন না অথবা চিৎকার করে কথা বলবেন না;
- উভয়পক্ষ যাতে সন্তুস্ট হতে পারেন এমন একটি সমঝোতায় আসুন;
- তর্ক না করে চলে আসুন।

এন্টি-সোশ্যাল বিহেভিয়ার প্রতিরোধের বিভিন্ন পর্ব

পর্ব ১ - মেডিয়েশন (সমঝোতা)
সমস্যা নিয়ে অপরাধীর ও আপনার মধ্যে আলোচনায় আমরা সাহায্য করতে পারি। এছাড়াও আমরা একটি নিরপেক্ষ মেডিয়েশন সার্ভিসের নিকট সমস্যাটি পাঠাতে পারি।

পর্ব ২ - আলামত সংগ্রহ করা
আলোচনার মাধ্যমে সমস্যার সমাধান না করা গেলে আমাদেরকে অ-সামাজিক আচরণের আলামত সংগ্রহ করতে হবে।

পর্ব ৩ - পরবর্তী পদক্ষেপ গ্রহণ
আলামত দ্বারা এন্টি-সোশ্যাল বিহেভিয়ার প্রমাণিত হলে আমরা যথাযথ পদক্ষেপ গ্রহণ করব।

আপনার ইচ্ছামত বেঁচে থাকার অধিকার আছে তবে তা অন্যের ক্ষতি করতে পারবে না। অর্থাৎ আপনাকে সহনশীল থাকতে হবে, অন্যদের প্রত্যাশা ও পছন্দকে গুরুত্ব দিতে হবে।

এন্টি-সোশ্যাল বিহেভিয়ার কি?

আমাদের মতে এন্টি-সোশ্যাল বিহেভিয়ার (এএসবি) হচ্ছে এমন আচরণ যা অন্য পরিবারের এক বা একাধিক লোককে হয়রানি করে, ভয় দেখায়, বিরক্ত করে কিংবা তাদের প্রপার্টির ক্ষতি করে।

উদাহরণ হিসাবে বলা যায়:

- উচ্চশব্দ করা (নয়েজ নুইস্যান্স);
- গালিগালাজ করা, হয়রানি করা, জোর করা এবং/ বা হুমকি প্রদান করা;
- হেইট সংক্রান্ত ঘটনা (ধর্ম, বর্ণ, সেক্সুয়ালিটি ইত্যাদির উপর ভিত্তি করে);
- প্রতিবেশীর সাথে বিবাদ করা;
- পোষা প্রাণী দিয়ে পাবলিক এলাকাকে নোংরা করাসহ নানাভাবে বিরক্ত করা;
- অ্যালকোহল, ড্রাগ, সাবস্টান্স এবিউজ করা এবং ড্রাগ ডিলিং;
- ডমেস্টিক এবিউজ ও ভায়োলেন্স;
- ফিজিকাল ভায়োলেন্স (ডমেস্টিক ভায়োলেন্স হিসাবে যেগুলো দেখানো হয়েছে তার বাইরে);
- দেয়াল লিখন ও ভাংচুর করা;
- বেআইনিভাবে ময়লা আবর্জনা ফেলা (লিটার, রাবিশ ও ফ্লাই টিপিং);
- গার্ডেন নুইস্যান্স (যেমন বাগানের গাছপালা অতিরিক্ত বড় হওয়া);
- শেয়ারড ও পাবলিক স্থানের অপব্যবহার করা (যেমন অল্প বয়সী ছেলেমেয়েরা শেয়ারড ও পাবলিক স্থানে আড্ডা দেয়);
- প্রস্টিটিউশন, সেক্সুয়াল এ্যাক্টস ও কার্ব-ক্রলিং;
- উপরে উল্লেখ করা হয়নি এমন অপরাধমূলক অন্যান্য আচরণ।